গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং- ১৪১-আইন/২০১৪/২৫০৫/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1), উক্ত Act এর THIRD SCHEDULE এর Item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ৩ এর উপ-বিধি (৯) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৯) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(৯) একজন যাত্রী অনধিক ১ (এক) শত গ্রাম ওজনের স্বর্ণালংকার অথবা ২ (দুই) শত গ্রাম রৌপ্যের অলংকার (এক প্রকার অলংকার ১২ (বার) টির অধিক হইবে না) সকল প্রকার শুল্ক ও কর পরিশোধ ব্যতিরেকে আমদানি করিতে পারিবেন।"; এবং

(খ) তফসিল-১ ও তফসিল-২ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ ও তফসিল-২ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

**"তফসিল-১**

(বিধি ৩(৪), ৮(১), ৮(২) ও বিধি ৮(৩) দ্রষ্টব্য–

**[ব্যাগেজ ঘোষণা ফরম ]**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | যাত্রীর নাম (Name of the Passenger) | ঃ | | |
| ২। | পাসপোর্ট নং (Passport Number) | ঃ | | |
| ৩। | জাতীয়তা (Nationality) | ঃ | | |
| ৪। | আগমনের তারিখ (Date of arrival) | ঃ | (দিন/মাস/বৎসর) (DD/MM/YYYY) | |
| ৫। | ফ্লাইট নং (Flight No.) | ঃ | | |
| ৬। | ব্যাগেজের সংখ্যা (Number of baggage) | ঃ | | |
| ৭। | কোন দেশ হইতে আগমন (Country from where coming)) | ঃ | | |
| ৮। | আপনি বিগত তিন মাসে যে সকল দেশ ভ্রমণ করিয়াছেন (Countries where you have travelled for the last three months) ঃ | ঃ | দেশের নাম (Name of the country) | ভ্রমণের তারিখ (Travel Date) |
| | | (ক) | | |
| | | (খ) | | |
| | | (গ) | | |

৯। শুল্ক-কর আরোপযোগ্য আমদানিকৃত পণ্যের মোট মূল্য (টাকায়) [Total value of dutiable goods being imported (Tk.)] ঃ

১০। আপনি কী নিম্নবর্ণিত পণ্যসমূহ বাংলাদেশে আনিয়াছেন? ( Are you bringing the following items into Bangladesh?) ঃ

| | | |
|---|---|---|
| (ক) | সংযুক্ত তফসিল-২ এ বর্ণিত একটির অধিক শুল্ককর আরোপযোগ্য কোন পণ্য (More than one of any goods which are dutitable as described on attached Schedule-2) ? | হাঁ/না (Yes/No) |
| (খ) | আমদানি নিষিদ্ধ পণ্য (Prohibited articles) | হাঁ/না (Yes/No) |
| (গ) | স্বর্ণ বা রৌপ্যের তৈরী অলংকার (শুল্ক-করমুক্ত সীমার উর্ধ্বে) [Gold or Silver jewellery (over Free Alowance)] | হাঁ/না (Yes/No) |
| (ঘ) | স্বর্ণ বা রৌপ্যের বার বা পিণ্ড (Gold or Silver Bar or Bullion) | হাঁ/না (Yes/No) |
| (ঙ) | মাংস এবং মাংস দ্বারা তৈরী পণ্য/ডেইরী প্রোডাক্টস/মাছ/পোলট্রি প্রোডাক্টস (Meat and meat products/dairy products/fish/poultry products) | হাঁ/না (Yes/No) |
| (চ) | বীজ/গাছের চারা/ফলমূল/ফুল/অন্যান্য উদ্ভিজ্জ পণ্য (Seeds/plants /fruits/flowers/other planting materials) | হাঁ/না (Yes/No) |
| (ছ) | দুই এর অধিক সেলুলার ফোন (Cellular phone) | হাঁ/না (Yes/No) |
| (জ) | ৫,০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলারের অতিরিক্ত বা তাহার সমপরিমাণ অর্থের অধিক কোন বৈদেশিক মুদ্রা (Foreign currency exceeding US $ 5,000 or equivalent) | হাঁ/না (Yes/No) |

উপরের কোনো প্রশ্নের জবাব যদি হ্যাঁ হয়, তাহলে অনুগ্রহ করে রেড চ্যানেলে কর্তব্যরত শুল্ক কর্মকর্তাকে অবহিত করুন (Please report to Customs Officer at the Red Channel counter in case answer to any of the above questions is 'Yes'.)

স্বাক্ষর (Signature) ঃ
রেভিনিউ অফিসার অব কাস্টমস
(Revenue officer of Customs)

যাত্রীর স্বাক্ষর (পাসপোর্ট অনুসারে)ঃ
Signature of the Passenger
(according to Passport)
তারিখ (Date) ঃ ";

"তফসিল-২

(বিধি ৩(৫),৩(৭) ও বিধি ১০ দ্রষ্টব্য)

[শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা]

(ক) ব্যক্তিগত এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত হয়না এমন কোন পণ্য।

(খ) দুইটি স্যুটকেসের অতিরিক্ত স্যুটকেসে আনীত ব্যাগেজ। তবে তৃতীয় স্যুটকেসে আনীত পরিধেয় বস্ত্র, ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী, বই, সাময়িকী এবং পড়াশুনার সামগ্রী শুল্ক ও কর মুক্তভাবে খালাসযোগ্য।

(গ) ব্যাগেজে আমদানিকৃত বাণিজ্যিক পরিমাণে যে কোন পণ্য;

(ঘ) নিম্নবর্ণিত গৃহস্থালী ও ব্যক্তিগত পণ্য ব্যাগেজ হিসাবে আমদানি হইলেও প্রতিটির পার্শ্বে উল্লিখিত নির্দিষ্ট পরিমাণ শুল্ক ও কর পরিশোধ করিতে হইবেঃ

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | শুল্ক-কর এর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | Plasma, LCD, TFT, LED ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন | |
| | (ক) ২২" - ২৯" পর্যন্ত | ১৫,০০০/- টাকা |
| | (খ) ৩০" - ৩৬" পর্যন্ত | ২০,০০০/- টাকা |
| | (গ) ৩৭" - ৪২" পর্যন্ত | ৩০,০০০/- টাকা |
| | (ঘ) ৪৩" - ৪৬" পর্যন্ত | ৫০,০০০/- টাকা |
| | (ঙ) ৪৭" - ৫২" পর্যন্ত | ৭০,০০০/- টাকা |
| | (চ) ৫৩" থেকে তদূর্ধ্ব সাইজ | ১,০০,০০০/- টাকা |
| ২। | ৪ (চার) এর অধিক তবে সর্বোচ্চ ৮ টি স্পীকারসহ (মিউজিক সেন্টার)/স্পীকার নির্বিশেষে হোম থিয়েটার (সিডি/ ভিসিডি/ ডিভিডি/ এলডি/এমডি/ব্লু রেডিস্ক সেট) | ৮,০০০/- টাকা |
| ৩। | রেফ্রিজারেটর/ডিপ ফ্রিজার | ৫,০০০/- টাকা |
| ৪। | এয়ার কুলার/এয়ার কন্ডিশনার | |
| | (ক) উইনডো টাইপ (window type) | ৭,০০০/- টাকা |
| | (খ) স্প্লিট টাইপ (split type upto 18000 BTU) | ১৫,০০০/- টাকা |

| ক্রমিক নং | পণ্যের বর্ণনা | শুল্ক-কর এর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | (গ) স্প্লিট টাইপ (split type above 18000 BTU) | ২০,০০০/- টাকা |
| ৫। | ডিশ এন্টেনা | ৭,০০০/- টাকা |
| ৬। | স্বর্ণবার বা স্বর্ণপিণ্ড (সর্বোচ্চ ২০০ গ্রাম) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ৩০০০/- টাকা |
| ৭। | রৌপ্যবার বা রৌপ্যপিণ্ড (সর্বোচ্চ ২০০ গ্রাম) | প্রতি ১১.৬৬৪ গ্রাম ৬/- টাকা |
| ৮। | HD Cam. DV Cam, BETA Cam এবং Professional কাজে ব্যবহৃত হয় এরূপ ক্যামেরা | ১৫,০০০/- টাকা |
| ৯। | এয়ারগান/এয়ার রাইফেল (বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আমদানিযোগ্য, আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ দ্রষ্টব্য) | ৫,০০০/- টাকা |
| ১০। | ঝাড়বাতি | ৩০০/- টাকা (প্রতি পয়েন্ট) |
| ১১ । | কার্পেট ১৫ বর্গমিটার পর্যন্ত | ১৫০/- টাকা (প্রতি বর্গমিটার) |
| ১২। | ডিশ ওয়াশার/ওয়াশিং মেশিন/ক্লথ ড্রাইয়ার | ৩,০০০/- টাকা"। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মুঃ রইচ উদ্দিন খান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)।